তথ্য ও
ডকুমেন্টেশন
কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 01 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...



# টাঙ্গাইলে ভুলে ভর্তি মার্কশীট নিয়ে ২ হাজার ছাত্রছাত্রী বিপাকে

(রফিকুল ইসলাম রতন)

টাঙ্গাইল, ৩০শে অক্টোবর।— টাঙ্গাইল জেলায় বিগত এসএসসি উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ১ হাজার ৯৬২টি মার্কশীটে অসংখ্য ভুল রয়েছে। এসব কার্কশীট নিয়ে ছাত্রছাত্রীরা কলেজে ভর্তি হতে গিয়ে বিপাকে পড়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড কর্তৃক সরবরাহকৃত এসবে নানা ধরণের ভুল রয়েছে। কোন কোন মার্কশীটে নম্বরের যোগ ফলে ভুল কোনটায় বসানের ভুল কোনটার লেখা অস্পষ্ট।

দেখা গেছে, কোন কোন মার্কশীটে ছাত্র কিংবা অভিভাবকের নামের পূর্বে মোহাম্মদ-এর 'মোঃ' লেখা হয়েছে। কোন কোন রেজিস্ট্রেশন কিংবা পরীক্ষার ফরমে নামের আগে 'মোহাম্মদ' কিংবা 'মোঃ' লেখাই হয়নি। কিন্তু মার্কশীটে বসিয়ে দেয়া হয়েছে। তাছাড়া আকার ইকার ঐকার। স, শ, ষ ইত্যাদির বেলাও গড়বর করা হয়েছে। আবার বিজ্ঞান, মানবিক ও বানিজ্যিক বিভাগ এবং ঐচ্ছিক বিষয়ের নম্বর বসানোর ক্ষেত্রেও ভুল করা হয়েছে।

টাঙ্গাইল জেলার ২৪৫টি মাধ্যমিক স্কুলের প্রত্যেকটিতে এধরনের ভুল মার্কশীট সরবরাহ করা হয়েছে। কোন কোন স্কুলে ২০টি পর্যন্ত ভুল মার্কশীট এসেছে। এই ভুল মার্কশীটের গড় হচ্ছে প্রতিটি স্কুলে ৮টি করে।

এব্যাপারে কোন কোন স্কুলের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করা হলে তারা বলেন, অনভিজ্ঞ লোকদের দ্বারা এসব মার্কশীট লেখানোর ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে।

এসব মার্কশীট নিয়ে ভর্তি হতে গেলে কলেজ কর্তৃপক্ষ বিশ্বাস করতে চান না। আবার এগুলো ঢাকায় নিয়ে সংশোধন করিয়ে আনাও অনেক ছাত্রছাত্রী কিংবা অভিভাবকের পক্ষে সম্ভব হচ্ছে না। তারা কলেজে ভর্তি হওয়ার ব্যাপারে মারাত্মক অসুবিধার সম্মুখীন হয়েছে।